

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

প্রধান কার্যালয়, নগর ভবন, ঢাকা  
www.dhakasouthcity.gov.bd.com

“উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র”

স্মারক নং-৪৬.২০৭.০০০.০৩.০১.১৬০২.২০১৮/২৬

তারিখঃ ৩০/০১/২০১৮

অফিস আদেশ

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের দ্বাদশ কর্পোরেশন সভায় গৃহীত সিদ্ধান্তের প্রেক্ষিতে কর্পোরেশন এলাকার রাস্তা, ফুটপাথ ও মিডিয়ানসমূহ পরিষ্কার-পরিচ্ছন্নতা, অবৈধ স্থাপনা উচ্ছেদ, বিজ্ঞাপন বোর্ড/ব্যানার উচ্ছেদ/অপসারণ এবং বেআইনী দখল উচ্ছেদ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে নিম্নরূপভাবে একটি টাস্কফোর্স গঠন করা হলো :

সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর (সাধারণ ওয়ার্ড)	প্রধান উপদেষ্টা
সংশ্লিষ্ট ওয়ার্ড কাউন্সিলর (সংরক্ষিত আসন)	উপদেষ্টা
প্রধান সম্পত্তি কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	আহবায়ক
সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	সদস্য
উপ-পুলিশ কমিশনার, রমনা বিভাগ/মতিঝিল বিভাগ/লালবাগ বিভাগ/ওয়ারী বিভাগ/ট্রাফিক-দক্ষিণ বিভাগ/ট্রাফিক পূর্ব বিভাগ/ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।	সদস্য
সংশ্লিষ্ট থানার অফিসার ইন চার্জ	সদস্য
নির্বাহী ম্যাজিস্ট্রেট, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন	সদস্য-সচিব

কার্যপরিধি :

- আগামী ১ ফেব্রুয়ারী হতে ২৮ ফেব্রুয়ারী ২০১৮ তারিখ পর্যন্ত প্রতিদিন কর্পোরেশনের আওতাধীন রাস্তা, ফুটপাথ ও মিডিয়ানসমূহ পরিষ্কার-পরিচ্ছন্নতা, অবৈধ স্থাপনা উচ্ছেদ, বিজ্ঞাপন বোর্ড/ব্যানার উচ্ছেদ/অপসারণ এবং বেআইনী দখল উচ্ছেদকরণে ত্রাশ প্রোগ্রাম পরিচালনা করতে হবে।
- প্রতিমাসে ন্যূনতম ২ বার গঠিত টাস্কফোর্স কর্তৃক ত্রাশ প্রোগ্রাম পরিচালনা করতে হবে। এছাড়া ডিএসসিসির আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাগণ তাদের স্ব-স্ব অঞ্চলের জনবলের মাধ্যমে নিয়মিতভাবে রাস্তা, ফুটপাথ ও মিডিয়ানসমূহ পরিষ্কার-পরিচ্ছন্নতা, অবৈধ স্থাপনা উচ্ছেদ, বিজ্ঞাপন বোর্ড/ব্যানার উচ্ছেদ/অপসারণ এবং বেআইনী দখল উচ্ছেদ কার্যক্রম গ্রহণ করবেন ;
- গঠিত টাস্কফোর্স কর্তৃক অভিযান পরিচালনার সহযোগীতার জন্য প্রয়োজনীয় সংখ্যক পুলিশ সদস্য মোতায়েনের বিষয়টি ডিএমপি হতে নিশ্চিত করতে হবে ;
- অবৈধ বৈদ্যুতিক সংযোগ ও বিজ্ঞাপনী ব্যানার অপসারণে প্রয়োজনীয় হাইড্রোলিক ল্যাডার, উচ্ছেদ পরবর্তী বর্জ্য অপসারণের জন্য খোলা ট্রাক (লেবারসহ), উচ্ছেদ কর্মী ও পুলিশ সদস্যদের বহনের জন্য প্রয়োজনীয় যান ও জ্বালানী ডিএসসিসির পরিবহন বিভাগ হতে সরবরাহ নিশ্চিত করতে হবে।


২। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলো।



স্বাক্ষরিত/-  
৩০/০১/২০১৮  
(মো. শাহাবুদ্দিন খান)  
সচিব  
ফোন ৪ ৯৫৬৩৫০৭

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ (সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ)।
- ২। সম্মানিত কাউন্সিলর, সাধারণ/সংরক্ষিত ওয়ার্ড-
- ৩। বিভাগীয় প্রধান, ডিএসসিসি (সকল) -----
- ৪। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, ডিএসসিসি, অঞ্চল-
- ৫। উপ-পুলিশ কমিশনার, রমনা বিভাগ/মতিঝিল বিভাগ/লালবাগ বিভাগ/ওয়ারী বিভাগ/ট্রাফিক-দক্ষিণ বিভাগ/ট্রাফিক পূর্ব বিভাগ, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
- ৬। মেয়রের একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৭। নির্বাহী ম্যাজিস্ট্রেট, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- ৮। সিস্টেম এনালিস্ট (ডিএসসিসি'র ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য)।
- ৯। অফিসার ইন চার্জ-----থানা।
- ১০। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১/২/৩ ও সাধারণ প্রশাসন।
- ১১। অফিস আদেশ বহি।
- ১২। অফিস কপি (নথি নং-১৬০২/সং-১, তারিখঃ ২৮/০১/২০১৮খ্রিঃ)।

  
(মোহাম্মদ আরশাদ)  
সহকারী সচিব  
সংস্থাপন শাখা-১